

হিসাব
১১/০৭/২০২৪



জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর।

Website : <http://ems.nu.ac.bd/student-login>

স্মারক নং-জাতীয় বিঃ/পনি/অনার্স ১ম বর্ষ/২০১০/(৩১৩৬)/১৭৬৯

তারিখ : ১০/০৭/২০২৪ খ্রিঃ

২০২৩ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষার ফরমপূরণের সময় বৃদ্ধি সংক্রান্ত বিজ্ঞপ্তি :

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৩ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষার শিক্ষার্থীদের আবেদন ফরমপূরণ, ডাটা এন্ট্রি নিশ্চয়ন ও সোনালী সেবার মাধ্যমে টাকা জমাদানের তারিখ নিম্নলিখিত ছক অনুযায়ী বর্ধিত করা হলো।

আবেদন ফরমপূরণের তারিখ	ডাটা এন্ট্রি নিশ্চয়নের শেষ তারিখ	সোনালী সেবার মাধ্যমে টাকা জমার শুরু ও শেষ তারিখ
১১/০৭/২০২৪ বৃহস্পতিবার হতে	২৩/০৭/২০২৪ মঙ্গলবার হতে	২৫/০৭/২০২৪ বৃহস্পতিবার সকাল ১০:০০ টা ও
২২/০৭/২০২৪ সোমবার পর্যন্ত	২৪/০৭/২০২৪ বুধবার রাত ১১:৫৯ মিঃ পর্যন্ত	২৮/০৭/২০২৪ রবিবার বিকাল ৪:০০ টা পর্যন্ত

২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী :


২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে এক বা একাধিক কোর্সে (F) গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) শিক্ষার্থীরা সর্বমোট ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ফি প্রদান করে শুধুমাত্র ২০২৩ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষার ফরমপূরণের সুযোগ পাবে। এক্ষেত্রে রেজিস্ট্রেশন নবায়নের কোন প্রয়োজন হবে না। কোন শিক্ষার্থী ফরমপূরণ/পরীক্ষায় অংশগ্রহণ/অকৃতকার্য হলে কোন অবস্থাতেই পরবর্তীতে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে না। উল্লেখ্য ব্যবহারিক পরীক্ষায় গ্রেড উন্নয়নের কোন সুযোগ নেই।

বিঃ দ্রঃ স্মারক নং-জাতীয় বিঃ/পনি/অনার্স ১ম বর্ষ/২০১০/৩১৩৬/৫৭৫৭, তারিখ : ১৩/০৫/২০২৪ এ প্রকাশিত বিজ্ঞপ্তির অন্যান্য নিয়ম ও শর্তাবলী অপরিবর্তিত থাকবে। যে সকল কলেজ ইত্যপূর্বে সোনালী সেবার মাধ্যমে টাকা জমা দিতে পারেননি, তারা আগামী ২৫/০৭/২০২৪ ও ২৮/০৭/২০২৪ তারিখের মধ্যে টাকা জমা দিতে পারবেন।

উল্লেখ্য, জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা সংক্রান্ত অথবা যে কোন তথ্যের জন্য (www.nu.ac.bd) ওয়েবসাইটে প্রকাশিত বিজ্ঞপ্তি ব্যতিত অন্য কোনো সূত্র থেকে প্রাপ্ত তথ্য অনুসরণ না করার জন্য অনুরোধ করা হলো।


২০.০৭.২৪

(মোঃ মাসুম রশিদ)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
অনার্স ১ম বর্ষ শাখা
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।


(মেজবাহ উদ্দিন) ১০.৭.২৪

পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
ফোন : ০২-৯৯৬৬৯১৫১৭
ই-মেইল : controller@nu.ac.bd